# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০৭/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ২৪ এপ্রিল ২০১৮, ১১ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে শপথ নিচ্ছেন আজ

২ । সৌদি আরব ও যুক্তরাজ্যে সরকারি সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

৩। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে আ'লীগ প্রতিনিধিদলের সাক্ষাৎ
অমীমাংসিত বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির আশ্বাস

৪। রোহিঙ্গা পুনর্বাসনে ৫০ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক : ওয়াশিংটনে অর্থমন্ত্রী

৫। ১৯ ক্যাটাগরিতে কর্মী নেবে আরব আমিরাত : মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলনে প্রবাসী কল্যাণমন্ত্রী

৬। বৈদেশিক মুদ্রা আয়ে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় তৃতীয়, বিশ্বে নবম : বিশ্বব্যাংকের তথ্য

৭। থাইল্যান্ডে রফতানি বৃদ্ধিতে এফটিএ স্বাক্ষর করা হচ্ছে : থাই ভিসা সহজ করতে বললেন বাণিজ্যমন্ত্রী

৮। নেপালের সঙ্গে সড়ক যোগাযোগ স্থাপনে পরীক্ষামূলক বাস সার্ভিস শুরু

৯। খাদ্য ও ওষুধ ভেজালকারীরা বিবেকহীন : পুষ্টি সপ্তাহের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী

১০। আলোকিত প্রজন্ম গড়তে বই পড়ার তাগিদ দিলেন শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

**১। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে শপথ নিচ্ছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে বাংলাদেশের রাষ্ট্রপতি হিসেবে শপথ নিচ্ছেন আজ। আজ ২৪ এপ্রিল সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনের দরবার হলে তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, প্রধান বিচারপতি, দেশের সাবেক রাষ্ট্রপতিবৃন্দ, বিচারকগণ, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দ, আইন প্রণেতা, সিনিয়র রাজনীতিবিদ, কূটনীতিক এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ শপথ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২ । সৌদি আরব ও যুক্তরাজ্যে সরকারি সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরব ও যুক্তরাজ্যে তাঁর আট দিনের সরকারি সফর শেষে গতকাল (২৩ এপ্রিল সোমবার) সকালে দেশে ফিরেছেন। সকাল ১০টা ৪৫ মিনিটে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের লন্ডন থেকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৩। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে আ'লীগ প্রতিনিধিদলের সাক্ষাৎ**
**অমীমাংসিত বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির আশ্বাস**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন আওয়ামী লীগের ১৯ সদস্যের একটি প্রতিনিধিদল। গতকাল (২৩ এপ্রিল সোমবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনে সাক্ষাৎকালে প্রতিনিধিদলের নেতৃত্ব দেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সাক্ষাতে ওবায়দুল কাদের নরেন্দ্র মোদির সঙ্গে একান্ত বৈঠকে মিলিত হন। এ সময় তাঁরা দ্বি-পাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। প্রায় ৪০ মিনিটের আলোচনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশের সঙ্গে অমীমাংসিত বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির আশ্বাস দেন। এছাড়া রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশের পাশে থাকার আশ্বাসও দেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**৪। রোহিঙ্গা পুনর্বাসনে ৫০ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক : ওয়াশিংটনে অর্থমন্ত্রী**

রোহিঙ্গাদের পুনর্বাসনে ৫০ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক। এ সহায়তার পুরোটাই আসবে অনুদান হিসেবে। আগামী অর্থবছরে এ অর্থ পাওয়া যাবে। এ ছাড়া আগামীতে বাংলাদেশকে আরও বেশি পরিমাণে সাহায্য দেবে বলে আশ্বস্ত করেছে সংস্থাটি। গতকাল (২৩ এপ্রিল সোমবার) ওয়াশিংটনে বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন বৈঠক শেষে হোটেল লবিতে সংবাদ মাধ্যমকে এ কথা জানান অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এমপি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

**৫। ১৯ ক্যাটাগরিতে কর্মী নেবে আরব আমিরাত : মন্ত্রণালয়ের সংবাদ সম্মেলনে প্রবাসী কল্যাণমন্ত্রী**

সমঝোতা স্মারকের অধীনে ১৯ ক্যাটাগরিতে বাংলাদেশ থেকে কর্মী নেবে সংযুক্ত আরব আমিরাত। প্রবাসী কল্যাণমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, এর মাধ্যমে আমিরাতের বন্ধ শ্রমবাজার ছয় বছর পর বাংলাদেশিদের জন্য খুলতে যাচ্ছে। সরকারি ব্যবস্থাপনায় আগামী তিন মাসের মধ্যে কর্মী পাঠানো শুরু হবে। গতকাল (২৩ এপ্রিল সোমবার) রাজধানীর ইস্কাটনে প্রবাসী কল্যাণ ভবনে সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৬। বৈদেশিক মুদ্রা আয়ে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় তৃতীয়, বিশ্বে নবম : বিশ্বব্যাংকের তথ্য**

বাংলাদেশ ২০১৭ সালে এক হাজার ৩৫০ কোটি ডলার সমমূল্যের বৈদেশিক মুদ্রা আয় করেছে। বৈদেশিক মুদ্রা আয়ের হিসেবে বিশ্বে বাংলাদেশের অবস্থান নবম এবং দক্ষিণ এশিয়ায় তৃতীয়। গতকাল (২৩ এপ্রিল সোমবার) অভিবাসন ও উন্নয়ন শীর্ষক সর্বশেষ অবহিতকরণ বৈঠকে বিশ্বব্যাংক এ তথ্য জানিয়েছে। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪)।

**৭। থাইল্যান্ডে রফতানি বৃদ্ধিতে এফটিএ স্বাক্ষর করা হচ্ছে : থাই ভিসা সহজ করতে বললেন বাণিজ্যমন্ত্রী**

দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করতে থাই ভিসা সহজ করার আহ্বান জানিয়ে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমদ বলেছেন, থাইল্যান্ডে রফতানি বৃদ্ধি করতে এফটিএ স্বাক্ষর করা হচ্ছে। উভয় দেশ এ বিষয়ে কাজ করছে। প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন হলে বাংলাদেশ এবং থাইল্যান্ড এফটিএ স্বাক্ষর করবে বলে জানান তিনি। গতকাল (২৩ এপ্রিল সোমবার) ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে 'থাইল্যান্ড সপ্তাহ' উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৭), **প্রথম আলো** (পৃ.১৬,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

**৮। নেপালের সঙ্গে সড়ক যোগাযোগ স্থাপনে পরীক্ষামূলক বাস সার্ভিস শুরু**

সড়কপথে ব্যবসা-বাণিজ্য ও আঞ্চলিক যোগাযোগ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ, ভারত ও নেপালের মধ্যে এ প্রথম শুরু হয়েছে পরীক্ষামূলক বাস সার্ভিস। গতকাল (২৩ এপ্রিল সোমবার) রাজধানীর কমলাপুরে বিআরটিসি'র আন্তর্জাতিক বাস টার্মিনাল থেকে বিআরটিসির তত্ত্বাবধানে শ্যামলী এন আর পরিবহণের দু'টি বাস নেপালের উদ্দেশে যাত্রা করে। এ সময় সার্ভিসটি উদ্বোধন করেন সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম। বিআরটিসির চেয়ারম্যান ফরিদ আহমেদ ভূঁইয়ার নেতৃত্বে মোট ৪৪ জনের একটি প্রতিনিধিদল পরীক্ষামূলক এ বাস সার্ভিসে যাতায়াত করছেন। বাসটি ২৬ এপ্রিল কাঠমান্ডুতে পৌঁছার কথা রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৯। খাদ্য ও ওষুধ ভেজালকারীরা বিবেকহীন : পুষ্টি সপ্তাহের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অনেক আগেই মঙ্গামুক্ত হয়েছে বাংলাদেশ। পুষ্টিতেও শতভাগ সফলতা পাবে বাংলাদেশ। গতকাল (২৩ এপ্রিল সোমবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেন, খাদ্য ও ওষুধ ভেজালকারীরা বিবেকহীন । খাদ্য ও ওষুধে ভেজাল মেশানোর মত বিবেকহীন কাজ পুষ্টি নিশ্চিতকরণ বাধা হয়ে দাঁড়ায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১৯,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

**১০। আলোকিত প্রজন্ম গড়তে বই পড়ার তাগিদ দিলেন শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ভালো মানুষ হতে হলে ভালো বই পড়তে হবে। ভালো বই পড়ার প্রতি ছাত্রছাত্রীদের আকৃষ্ট ও অনুপ্রাণিত করতে হবে। আলোকিত নতুন প্রজন্ম গড়ে তোলার জন্য বই পড়ার বিকল্প নেই। গতকাল (২৩ এপ্রিল সোমবার) বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে বিশ্ব বই ও কপিরাইট দিবস উপলক্ষে 'আলোকিত প্রজন্মের জন্য সৃজনশীল বই পড়ার গুরুত্ব' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** আইসিটি খাতে আগামী ২০২১ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলার রপ্তানির যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার তা পূরণে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

খ. **বণিক বার্তা :** মেট্রোরেলসহ রাজধানীজুড়ে বিভিন্ন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজের অংশ হিসেবে রাস্তাঘাট খোঁড়াখুঁড়ি, কাটা-ছেঁড়ায় রাজধানীবাসীকে অবর্ণনীয় দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে দ্রুত প্রকল্পগুলো বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** দেশের ক্রমবর্ধমান জ্বালানির চাহিদা মেটাতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানির সিদ্ধান্ত সরকার নেওয়ায় তাতে জ্বালানির নবযুগ শুরু হবে বলে মতপ্রকাশ।

ঘ. **সংবাদ :** পার্বত্যাঞ্চলের রাজনৈতিক সংগঠনগুলোর পারস্পরিক বিরোধে অশান্ত হয়ে উঠেছে খাগড়াছড়ি ও রাঙ্গামাটি উল্লেখ করে বিরোধ নিরসনে ও স্থানীয়দের নিরাপত্তা বিধানে প্রশাসনকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** রাজধানীর গণপরিবহণের নৈরাজ্য নিয়ন্ত্রণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পরিবেশ রক্ষায় সবাইকে বেশি করে গাছ লাগানোর আহ্বান।

ছ. **ডেইলি সান :** রাজধানীর চারপাশের নদীগুলোর দখল ও দূষণ রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুন্দরবনের নদ-নদীতে জাহাজডুবির ফলে পরিবেশকে বিপর্যয় থেকে বাঁচাতে হলে সুন্দরবনের পশুর চ্যানেলের ভেতর দিয়ে তেল, কয়লা, সিমেন্টবাহী জাহাজ চলাচল বন্ধ করে বিকল্প চ্যানেল চালু করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'মৃত্যু ঝুঁকিতে পাহাড়ের পাদদেশের বাসিন্দা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পাহাড়ে অবৈধ বসতি গড়ে তুলতে পাহাড়ের জায়গা কারা অবৈধ লিজ বা ভাড়া দিচ্ছে তা খতিয়ে দেখে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

#

মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা